# বেসিক ব্যাংক লিমিটেড

**শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক**

**প্রধান শাখা, ঢাকা।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৫) ধারা মোতাবেক সার্টিফিকেট বলে অর্জিত সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে**

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ক্রেতা ও সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান শাখা, বনশিল্প ভবন (নীচতলা), ৭৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ এর ঋণগ্রহীতা/বিবাদী/দায়িকগণ যথাক্রমে: ১. **মেসার্স কারেজ এন্টারপ্রাইজ,** স্বত্ত্বাধিকারী জনাব মোঃ মাহাবুব আলম চৌধূরী, প্রধান কার্য্যালয়: ১৯৪ শান্তিবাগ (তৃতীয় তলা), পোষ্ট: শান্তিনগর, থানা-মতিঝিল, জেলা-ঢাকা-১০০০। করেসপন্ডেন্স ঠিকানা: বাসা নং- ৫৪/এ, রোড নং- ১৩২, গুলশান, ঢাকা- ১২১২, বাসস্থান: ফ্ল্যাট নং- বি/২, প্লট নং সি এস (ই) ২১, রোড নং- ১২৬/১২৯, গুলশান- ১, ঢাকা। ২. **জনাব মোঃ মাহাবুব আলম চৌধূরী,** স্বত্ত্বাধিকারী, মেসার্স কারেজ এন্টারপ্রাইজ, পিতা- মৃত মোঃ ওয়াজি উল্লাহ চৌধূরী, প্রধান কার্য্যালয়: ১৯৪ শান্তিবাগ (তৃতীয় তলা), পোষ্ট: শান্তিনগর, থানা- মতিঝিল, জেলা- ঢাকা- ১০০০। করেসপন্ডেন্স ঠিকানা: বাসা নং- ৫৪/এ, রোড নং- ১৩২, গুলশান, ঢাকা-১২১২, বর্তমান ঠিকানা: ফ্ল্যাট নং- বি/২, প্লট নং সি এস (ই) ২১, রোড নং- ১২৬/১২৯, গুলশান-১, ঢাকা। স্থায়ী ঠিকানা: বাসা নং- ৫, রোড নং- ৪, লেন নং- ২, পশ্চিম পাতারদিয়া, বাড্ডা, ঢাকা। ৩. **খন্দকার সেতারা @ সেতারা চৌধুরী,** স্বামী মোঃ মাহবুব আলম চৌধূরী, পিতা: মৃত আজিজুর রহমান, বাসস্থান: ফ্ল্যাট নং- বি/২, প্লট নং সি এস (ই) ২১, রোড নং-১২৬/১২৯, গুলশান-১, ঢাকা। করেসপন্ডেন্স ঠিকানা: ১৯৪ শান্তিবাগ (তৃতীয় তলা), পোষ্ট: শান্তিনগর, থানা- মতিঝিল, জেলা- ঢাকা- ১০০০। স্থায়ী ঠিকানা: বাসা নং- ৫, রোড নং- ৪, লেন নং-২, পশ্চিম পাতারদিয়া, বাড্ডা, ঢাকা গণের বিরুদ্ধে ডিক্রিদার- ব্যাংক অর্থঋণ মোকদ্দমা নং-৮৩/২০২০ দায়ের করিয়া এবং উক্ত মোকদ্দমায় রায় ও ডিক্রি প্রাপ্ত হইয়া এবং সেই আলোকে বিগত ১৫.০২.২০২২ ইং পর্যন্ত সর্বমোট **৩,১৩,৬৭,৭৪৯.৩৯ টাকা** আদায়ের লক্ষ্যে অর্থজারী মোকদ্দমা নং-৬৪/২০২২ দায়ের করিয়া অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৫) ধারার বিধান মোতাবেক উক্ত টাকা এবং উক্ত টাকা আদায় হওয়া কালতক পর্যন্ত সময়ের জন্য ডিক্রিকৃত টাকার উপর ১২% বার্ষিক সরল হার সুদ পরিশোধ না হওয়া পর্যন্ত দায়িক পক্ষের স্বত্ত্ব দখলীয় নিম্ন তফসিলভূক্ত সম্পত্তি দখল ভোগের এবং বিক্রয়ের অধিকার লাভ করিয়াছেন এবং বিগত ১৮.০৪.২০২৩ ইং তারিখে বিজ্ঞ অর্থঋণ আদালত নং-১, ঢাকা ডিক্রিদার- ব্যাংকের বরাবরে একখানা সার্টিফিকেট ইস্যু করিয়াছেন। ফলে ডিক্রিদার- ব্যাংক কর্তৃক পাওনা ডিক্রিজারীকৃত টাকা এবং নিলাম কাল পর্যন্ত সুদ ও আনুষঙ্গিক খরচ আদায়ের লক্ষ্যে নিম্ন তফসিল সম্পত্তি নিলামে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহ্বান করা যাইতেছে। আগামী **০৬-০৫-২০২৪ ইং** তারিখ বেলা ১২.০০ (বার) ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান শাখা, ঢাকায় রক্ষিত বাক্সে সরাসরি কিংবা রেজিষ্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা করিতে হইবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হইবে।

**শর্তসমূহ**

১. প্রত্যেক দরপত্র উক্ত বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় (প্রত্যেকটি তফসিলের জন্য একই দরপত্রে পৃথক ভাবে দরমূল্য লিখিতে হইবে।) লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে।

২. দরপত্র অপরাহ্ন ১২.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান শাখা, ঢাকায় রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিষ্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ২.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।

৩. প্রত্যেক দরদাতা উদ্বৃত দর অনুর্দ্ধ ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা হইলে উহার ২০%, উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্দ্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা হইলে উহার ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে "বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান শাখা, ঢাকা" এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।

৪. অনুর্দ্ধ ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্দ্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার অধিক উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমূদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

৫. দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা নিম্নোক্ত যে কোন একটি তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত বা ক্রুটিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৬. উপরে বর্ণিত ৩ ও ৪ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৭. সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিষ্ট্রেশন করার নিমিত্তে যাবতীয় খরচ, মিউটেশন খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পানি, বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর, ট্যাক্স, গেইন ট্যাক্স, ভ্যাট ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী বা বিবিধ খরচ থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

৮. নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক আগ্রহী ক্রেতাগণ বিস্তারিত জানার জন্য ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

৯. কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষণ করেন বটে।

**সম্পত্তির তফসিল**

জিলা-ঢাকা, থানা ও সাব-রেজিষ্ট্রী অফিস-গুলশান, মৌজা-ভোলা সমৈর, ব্লক-সিএসই(ই), গুলশান আবাসিক এলাকার রাজউকের লেআউট প্ল্যান এর রোড নং-১২৬/১২৯, প্লট নং-২১ এর ১০ কাঠা ১০ ছটাক এর সমপরিমান ১৭.৫৮ শতাংশ জমির উপর নির্মিত ০৬ (ছয়) তলা ভবনের তৃতীয় তলার উত্তর পার্শ্বের ফ্ল্যাট নং- বি/২ যাহার আয়তন ২২৮৫.৪২ বর্গফুট এবং নীচ তলার একটি কারপার্কি গ্যারেজ এবং তদ সংশ্লিষ্ট সমূদয় কমন সংযোগ ও সুবিধাদী এবং উক্ত প্লটের অবিভক্ত ও অচিহ্নিত ০.৭০৮ কাঠা এর সমপরিমান ১.১৬৮২ শতাংশ জমি। যাহার উত্তরে- রোড নং- ১২৯, দক্ষিণে-রোড নং-২৭, পূর্বে-২২ ও পশ্চিমে-১২৬ উক্ত চৌহদ্দির মধ্যের সম্পত্তিই বন্ধককৃত সম্পত্তি বটে।

**মহাব্যবস্থাপক ও শাখা প্রধান**

বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান শাখা, ঢাকা।

**আমাদের সময়, ০৪-০৪-২০২৪ইং**

**বণিকবার্তা, ০৪-০৪-২০২৪ইং**